মাননীয়,

**অতিরিক্ত দায়রা জজ আদালত, ফেনী,**

জেলা- ফেনী।

**দায়রা মামলা নং ৮২৮৭/২১ইং**

| | | |
|---|---|---|
| **রাষ্ট্র** | **বনাম** | **মোঃ ওবায়দুর রহমান প্রকাশ সাধু মন্ডল গং** |
| **বাদী** | | **আসামীগণ** |

**ধারাঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১০(গ)/৩৮ ধারা।**

**বিষয়ঃ ২নং হাজতী আসামী পক্ষে জামিনের প্রার্থনা।**

নিবেদন এই,

**১।** অত্র মামলার আসামির সম্পূর্ণ নির্দোষ ব্যক্তি হয় এবং অত্র মামলার অপরাধের সহিত জড়িত নহে।

**২।** আসামী একজন দিনমজুর গাড়িচালক। কক্সবাজার হইতে টেকনাফ পর্যন্ত মোটর গাড়ি চালাইয়া জীবিকা নির্বাহ করিত।

**৩।** অত্র মামলার ১/৩নং আসামিগণ পরস্পর স্বামী-স্ত্রী হয় এবং তাহাদের সহিত ২নং আসামীর কোন ধরনের সম্পর্ক নাই। ঘটনার দিন অত্র মামলার ১/৩নং আসামীগণ ২নং আসামীকে অনুরোধ করে যে, তাহারা পরস্পর স্বামী স্ত্রী টেকনাপে বেড়াতে আসছে। অত্র পথে তাহাদের নতুন আসাতে প্রাইভেট কার ড্রাইব করিয়া আসিতে তাহাদের বেশ অসুবিধা হচ্ছে। স্থানীয় ও পেশাদার ড্রাইবার হিসাবে ২নং আসামী যেন তাহাদের ঢাকা পৌছাইয়া দিয়ে আসে। আসামী উচ্চমূল্যে ড্রাইবার হিসাবে বাড়া ঠিক করিয়া ১/৩নং আসামীগণ সহ ঢাকার উদ্দেশ্যে রওনা হয়।

**৪।** ১নং আসামী সেনাবাহিনীর ক্যাপ্টেনের সাজসজ্জা পরিহিত অবস্থায় ছিল এবং ১নং আসামী যখন তার সাজসজ্জা ও মিথ্যা পদবি ধারণ করিয়া ২নং আসামীকে তাহার প্রাইভেটকার চালাইয়া ঢাকা নিয়া যাইতে অনুরোধ করে তখন ২নং আসামী একপ্রকার বাধ্য হইয়া ১/৩নং আসামীর ড্রাবাইর হইয়া ঢাকার উদ্দেশ্যে রওনা হয়।

**৫।** ২নং আসামী কোনভাবে ধারণাও করিতে পারে নাই যে অত্র গাড়িতে কোন ধরনের মাদক থাকিতে পারে বরং সেনাবাহিনীর ক্যাপ্টেন আছে মনে করিয়া নিঃসংকোচে গাড়ি চালাইয়া আসিতেছিল।

**৬।** আসামী পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি হয়। ধৃত হওয়ার পর তাহার বাবা মৃত্যুবরণ করিয়াছেন। আসামির স্ত্রী ও দুই বছরের একটি ছেলেসহ অবিবাহিত দুইটি ছোট বোন রহিয়াছে।

**৭।** অত্র আসামী জামিনে মুক্তি পাইলে উপযুক্ত জামিনদার প্রদান করিবে এবং পালাতক হইবেনা। সকল ধার্য্য তারিখে হাজির থাকিবে। বক্রি শুনানিকালে বাচনিক নিবেদন করা হইবে।

অতএব, প্রার্থনা এই বিজ্ঞ আদালত দয়া বিতরণে উপরোক্ত কারণাদি বিবেচনা করিয়া আসামী জামিনে মুক্তির আদেশ দানে সুবিচার করিতে যেন মর্জি হয়। তারিখ- ২৯/০৩/২০২২ ইং।

**তফসিল আসামী- মোঃ জামাল,** গ্রাম- দরাপ-নগর, থানা- কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার।